

HOOGLY WOMEN'S COLLEGE
DEPARTMENT OF BENGALI

PROGRAM OUTCOME

AND

COURSE OUTCOME

SESSION – 2018-2019

HOOGHLY WOMEN'S COLLEGE
DEPARTMENT OF BENGALI

B.A. Honours in Bengali

PROGRAM OUTCOMES

C.B.C.S . বাংলা ভাষা ও সাহিত্য

- সাহিত্যের সৃষ্টি মানব-জীবনকে নিয়েই। মানব-হৃদয় ও মানব চরিত্র সাহিত্যে প্রতিবিম্বিত হয়। সাহিত্যে মানুষ নিজেকে প্রকাশ করে, নিজের মনের ভাবকে সঙ্গীত করে অপবেদ মনে। সাহিত্য মানবিক বিদ্যার সঙ্গে সংযুক্ত গভীর ভাবে। মানুষের জীবনের বিচিত্র ছবি ফুটে ওঠে সাহিত্যে। মানবসভ্যতা ও সংস্কৃতির এগিয়ে চলার পথে, মানুষের সুসভ্য হওয়া ও বিকাশের ক্ষেত্রে রয়েছে সাহিত্যের, সাহিত্য-পাঠের বড় ভূমিকা।
- স্নাতকস্তরের সাহিত্য পাঠের মাধ্যমে ছাত্রছাত্রীরা সমর্থ হয় সমাজের নানা শ্রেণির মানুষ, বিশেষ করে বঞ্চিত অসহায় নর-নারীর সঙ্গে মানবিক-অনুভূতির সংযোগ সাধনে। কারণ সাহিত্য-পাঠ ছাত্র-ছাত্রীদের পরিচিত করায় নানা ধরনের মানুষের সুখ-দুঃখ, হাসিকান্না, ব্যথা-বেদনা ও বিচিত্র অনুভূতির সঙ্গে।
- জীবনের পরবর্তী ক্ষেত্রে বিভিন্ন প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রস্তুতি গ্রহণ করতে সহায়তা করে সি. বি. সি. এস. পাঠক্রমের ছোট ছোট প্রশ্ন ও উত্তর।
- ছাত্রছাত্রীদের স্নাতকোত্তর শ্রেণিতে পড়াশুনার ক্ষেত্রে বিভিন্ন ভাবে সাহায্য করে সি. বি. সি. এস. পাঠক্রমের বিষয়ের নানা বৈচিত্র্য।
- পরবর্তী জীবনে জীবিকার বিভিন্ন ক্ষেত্রে শিক্ষার্থীদের উপযুক্ত করে তোলে সি. বি. সি. এস. পাঠক্রমে প্রতিফলিত আধুনিক ভাব-ভাবনা ও বিষয়ের আর্ন্তশৃঙ্খলতা।

PROGRAMME SPECIFIC OUTCOMES

বাংলায় সাম্মানিক স্নাতক-ডিগ্রির পাঠক্রম শেষ করার মধ্যে দিয়েঃ-

- (১) শিক্ষার্থীদের মধ্যে সুস্পষ্ট ধারণা তৈরি হয় বাংলা ভাষার উৎপত্তি, বিবর্তন, নানাধরনের বৈচিত্র্য, বিকাশ এবং ক্রম-অগ্রগতি সম্পর্কে।
- (২) ছাত্র-ছাত্রীরা বাংলা ভাষার বিশিষ্ট সাহিত্যিকদের সৃষ্টির সঙ্গে পরিচিত হয় ও বিভিন্ন সাহিত্য-রূপ- গল্প, কবিতা, উপন্যাস, নাটক, প্রবন্ধ চিঠিপত্র ইত্যাদির রস আন্বাদনে সমর্থ হয়। শিক্ষার্থীদের মধ্যে তৈরি হয় সৃজন ক্ষমতা, জাগ্রত হয় নান্দনিক - বোধ ও রস-সৃষ্টি দক্ষতা, বিকশিত হয় তাদের সুপ্ত প্রতিভা।
- (৩) বাংলা ভাষার বহুমুখী পাঠ শিক্ষার্থীদের দক্ষ করে তুলতে পারে বিভিন্ন ধরনের পেশা গ্রহণ করতে - সংবাদপত্র, বেতার, দূরদর্শনের সঙ্গে যুক্ত হতে।
- (৪) শিক্ষার্থীদের দক্ষ করে তুলতে পারে সুবক্তা হিসেবে।
- (৫) জীবন ও জীবিকার ক্ষেত্রে শিক্ষার্থীরা অর্থনৈতিক দিক থেকে সাবলম্বী হয়ে উঠতে পারে বিজ্ঞাপন রচনা করে বা প্রফ সংশোধক হিসেবে।
- (৬) শিক্ষার্থীদের স্পষ্ট ধারণা লাভ হয় বাঙালি জাতির উৎপত্তি ও ক্রমবিকাশ সম্পর্কে, তারা পরিচিত হয় বাঙালি সমাজ-সংস্কৃতির ইতিহাস-বিষয়ে, বাঙালির ভৌগোলিক অবস্থান প্রসঙ্গে আর বাঙালির মানসিকতা সম্বন্ধে। আর এগুলি সহায়ক হয় শিক্ষার্থীদের জাতির অতীত-ইতিহাস ও পূর্বপুরুষদের কার্যকলাপ সম্পর্কে জানতে, যা সহায়ক হয় তাদের ব্যক্তিত্বের ভিত্তি- নির্মাণে।

COURSE OUTCOMES
SEMESTER - 1

CC-1

(ক) সাহিত্যের ইতিহাস (প্রাচীন যুগ) - চর্যাপদ থেকে জানা যায়, ভারতবর্ষের সমকালীন দশম-দ্বাদশ শতাব্দীর ধর্ম, সমাজ ও ইতিহাসের কথা। চর্যাপদ প্রধানত বৌদ্ধ সহজিয়া মতের পদসংগ্রহ। বৌদ্ধ সিদ্ধাচার্যগণ পদগুলি লিখেছিলেন যখন মাগধী-অপভ্রংশের খোলস ছেড়ে বাংলা ভাষা সবেমাত্র জন্ম নিয়েছিল। দুর্বোধ রহস্যময় ভাষায় পদগুলি রচিত এদের মধ্যে বৌদ্ধধর্ম, সাধনপ্রণালী, দার্শনিক তত্ত্ব আভাস ইঙ্গিতে ব্যঞ্জিত হয়েছে নানা ধরনের চিত্র কল্প ও রূপক প্রতীকের সাহায্যে। এই বৌদ্ধতাত্ত্বিক পদসংকলন, যা বাংলা ভাষায় রচিত প্রাচীনতম সাহিত্যিক নিদর্শন, তার মধ্যে পরিচয় পাওয়া যায় ধর্ম, সমাজ-ভাবনা, ইতিহাস আর সাহিত্যিক সৌন্দর্যের।

(খ) সাহিত্যের ইতিহাস (মধ্যযুগ) - শ্রীকৃষ্ণকীর্তন এবং বিভিন্ন মঙ্গলকাব্যগুলির মধ্যে যেমন ধর্মের কথা রয়েছে, তেমনি রয়েছে মানবতাবাদ আর সমকালীন সমাজ - ভাবনার বাস্তব প্রকাশ। ধ্রুপদী ভারতীয় সাহিত্যের আত্মদান যেমন রয়েছে অনুসারী সাহিত্যে, তেমনি সেগুলিকে স্বাভাব্য দিয়েছে তাদের মধ্যে বাঙালি জীবন-ভাবনার প্রকাশে। চৈতন্যজীবনী-কাব্যগুলিতে রয়েছে মানুষের কথা, তেমনি আবার তা সাধারণ জীবনী নয়-সন্ত-সাধক জীবনীর অন্তর্গত। রোসাও রাজসভার সাহিত্যে চিত্রিত মানুষেরই কথা, শাক্তপদাবলীতে এসেছে ধর্ম-সমাজভাবনা, ভক্তি রস, বাৎসল্য রস ও স্নেহ ভক্তির পরিচয়। এগুলি একাধারে গীতি, রোমান্টিক গীতিকবিতা ও সাধনারও দিশা। ময়মনসিংহ গীতিকা মানুষেরই কথা, বাউল গানে অসম্প্রদায়িক ভাবনা রয়েছে 'মনের মানুষের' সন্ধান। বৈষ্ণবপদাবলী যেমন বিশেষ ধর্ম সম্প্রদায়ের সাধনভজন, বিশেষ ধরনের, রোমান্টিক মানবীয়, সম্পর্কের কাহিনি- এর সঙ্গে জড়িত রয়েছে, বৈষ্ণব ধর্ম - দর্শন।

CC - 2

(ক) ছন্দশাস্ত্র নিবিড় ভাবে অনুশীলনের মধ্যে দিয়ে অনুধাবন করা যায় কাব্য-কবিতার বহিরঙ্গ সৌন্দর্য। ছন্দ পাঠক মনে রসের সঞ্চর ঘটায়, ছন্দোময় কাব্য পাঠ আনন্দ দেয়। ছন্দ শ্রেণীমধুর শব্দের শিল্পময় বিন্যাস, চিত্তে রস জাগায়, আর কানে জাগায় ধ্বনি-সুষমা।

(খ) অলংকার পাঠ উপলব্ধি করতে সাহায্য করে অলংকার কিভাবে সৃষ্টি করে কাব্যের সৌন্দর্য, পাঠককে দেয় রসের উৎকর্ষ। অলংকার আত্মদানে উপাদানগত বিশেষত্ব আত্মদান করা যায়, বাংলা ও সংস্কৃত সাহিত্যের।

SEMESTER - II

CC- 3

বৈষ্ণব পদাবলী ও শাক্ত পদাবলীতে বিভিন্ন কবি-পদকারের সৃষ্টিতে ধর্মীয় ভাবনার পাশাপাশি প্রতিবিম্বিত হয়েছে সমাজজীবন, ধরা পড়েছে অনুভূতিপ্রবণ ছবি-পরমাত্মা ও জীবাত্মার সম্পর্কের।

CC - 4

আহাদ্দা মঙ্গল কাব্য (প্রথম খণ্ড) পাঠের মাধ্যমে 'জিহ্ম পরিচয় পঞ্চম' গায় সমসাময়িক যুগজীবন, ধর্ম, আত্মদা মঙ্গল কাব্য (প্রথম খণ্ড) পাঠের মাধ্যমে 'জিহ্ম পরিচয় পঞ্চম' গায় সমসাময়িক যুগজীবন, ধর্ম, অর্থনীতি, ইতিহাস চেতনাবাদ, সমাজবৃত্তি, মনো-অনুসন্ধান করে ছাত্রসম্প্রদায়ের মনোবৃত্তি বর্ণনা কবলেও তাতে গ্রামীণ জীবনভাব (যেমন মনোবৃত্তি সৃষ্টি) 'পশ্চিম পরিচয় পঞ্চম' গায় যা অনেকটাই আধুনিক যুগের লক্ষণ। আহাদ্দা মঙ্গল কাব্যের মনোবৃত্তি সৃষ্টি করে সচেতন ভাবে আধুনিকতার সূত্রপাত না কবলেও, তা থেকে ফুটি উঠতে শুরু করে আধুনিক বাংলা সাহিত্যের আভাস - ইঙ্গিত। বাস্তবের (লক্ষ্যকাণ্ড) কৃষ্টিবাসের বসতি এই অনুসন্ধানী সাহিত্যে ধর্ম ভাবনার পরিচয় রয়েছে, রয়েছে ধর্ম ও অর্থের সংঘাত, ধর্মের বিজয়, পাশ্চাত্য কৃষ্টিবাসের জীবন ভাবনার সন্তোষ প্রকাশ। বাস্তবিক মনের অনুসন্ধান কৃষ্টিবাসের এই সৃষ্টি।

SEMESTER - III

CC - 5 বাংলা সাহিত্যের ইতিহাস (১৮০১ - ১৯৫০)

আধুনিক যুগের বাংলা সাহিত্যের ইতিহাস পড়ার ভাবে পর্যবেক্ষণের মাধ্যমে বিভিন্ন সামাজিক-অর্থনৈতিক-সাংস্কৃতিক-ধর্মীয়-প্রশাসনিক অবস্থার পরিপ্রেক্ষিতে রচিত নানা সৃষ্টির সঙ্গে, ঐ ধরনের নানা দিকের সংযোগের সূত্রটির ব্যাপারে দৃষ্টি প্রদান করা।

CC - 6 ভাষাতত্ত্ব

ভাষার মাধ্যমেই রচিত হয় সাহিত্য। আর ভাষাতত্ত্ব পাঠের মধ্যে দিয়ে, ভাষার বিভিন্ন ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি জানার প্রয়োজনেই বিশেষ ভাবে গুরুত্ব দেওয়া হয়েছে এই পাঠক্রমে।

CC - 7 উনিশ শতকের কাব্য

বীরঙ্গনা কাব্য - মাইকেল মধুসূদন দত্তের বিখ্যাত সৃষ্টি 'বীরঙ্গনা কাব্যে' ঘটেছে উনিশ শতকের নারী জাগরণের সার্থক এবং ইতিবাচক প্রতিফলন। এই কাব্যগ্রন্থটি পাঠ ছাত্র-ছাত্রীদের ভবিষ্যৎ ভাবনা এবং দৃষ্টি ভঙ্গি তৈরিতে ফেলবে উৎসাহব্যঞ্জক প্রভাব।

সারদামঙ্গল (কাব্য) - 'সারদামঙ্গল' কাব্য পাঠের মাধ্যমে, বাংলা গীতিকবিতার প্রথম সচেতন ও সার্থক গীতিকবি 'ভোরের পাখি' বিহারীলাল চক্রবর্তীর অমর সৃষ্টি 'সারদামঙ্গলে'র সঙ্গে ছাত্রছাত্রীদের পরিচিতি ঘটবে। 'গীতিকবিতা' বিষয়ে ছাত্র-ছাত্রীরা জানতে পারবে এবং পরবর্তীকালে বিভিন্ন সৃষ্টিতে বাংলা গীতিকবিতা অজস্র সম্ভাবনা নিয়ে বিকশিত হয়ে উঠেছিল সেগুলির বিষয়েও জানতে পারবে।

SEMESTER - IV

CC - 8 রবীন্দ্রনাথের কবিতা - আধুনিক বাংলা কবিতা -

পাঠ্য বিভিন্ন রবীন্দ্রনাথের কবিতা এবং আধুনিক কবিতাগুলির রস আনন্দের মধ্যে দিয়ে সেগুলির কাব্যসৌন্দর্য অনুভব ও উপলব্ধি লাভ সম্ভব।

CC - 9 উপন্যাস : চন্দ্রশেখর - বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়, গণদেবতা - তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়
বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'চন্দ্রশেখর' ও তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের 'গণদেবতা' - এই দুটি উপন্যাস
পাঠের মধ্যে দিয়ে দুটি ভিন্ন সময়কালের ঔপন্যাসিক দৃষ্টিভঙ্গির পার্থক্যের মাত্রা সম্পর্কে ছাত্র-ছাত্রীরা
অবহিত হবে।

CC - 10 নাটক : নীলদর্পন - দীনবন্ধু মিত্র, শারদোৎসব - রবীন্দ্রনাথ ঠাকুর
দীনবন্ধু মিত্রের নীলদর্পণ এবং রবীন্দ্রনাথ ঠাকুরের শারদোৎসব - এই দুটি আলাদা আলাদা ধরনের
নাটকের মধ্যে দিয়ে প্রচলিত ধারার নাটক এবং তত্ত্বধর্মী নাটকের পার্থক্য সম্পর্কে ধারণা তৈরিতে
সহায়ক হবে।

CC - 11 গল্পগুচ্ছ - রবীন্দ্রনাথ ঠাকুর
একালের গল্প।

সার্থক বাংলা ছোটগল্পের সৃষ্টি রবীন্দ্রনাথের হাতেই, তাঁর হাতে শুরু হয় বাংলা ছোটগল্পের সফল
জয়যাত্রা। গল্পগুচ্ছের পাঠ্য রবীন্দ্র-গল্পগুলি পাঠের মধ্যে দিয়ে ছাত্র-ছাত্রীরা রবীন্দ্র গল্পগুলির রস-
আস্বাদন করতে পারবে।

একালের পাঠ্য গল্পগুলি পাঠের মধ্যে দিয়ে ছাত্র-ছাত্রীরা রবীন্দ্র-গল্পের সঙ্গে পরবর্তী সময়ের একালের
গল্পগুলির প্রভেদ উপলব্ধি করতে পারবে এবং অভিজ্ঞতা-লাভে সমর্থ হবে, বাংলা গল্পের বিভিন্ন
প্রকার শ্রেণি ও তাতে প্রকাশিত আধুনিক এবং চিরন্তন ভাব - ভাবনা বিষয়ে।

CC - 12 বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় থেকে শুরু করে শঙ্খ ঘোষ পর্যন্ত বিভিন্ন প্রাবন্ধিক-রচিত প্রবন্ধের
মধ্যে দিয়ে ছাত্র-ছাত্রীরা ভিন্ন ভিন্ন সময়কালে ভিন্ন ভিন্ন লেখকের হাতে রচিত প্রবন্ধগুলিতে প্রকাশিত
বক্তব্য কিভাবে যুক্তির মাধ্যমে উপস্থাপিত তা উপলব্ধি করতে পারবে এবং আলাদা আলাদা সময়কালে
রচিত প্রাবন্ধিকদের ভাব-ভাবনা ও দৃষ্টিভঙ্গির পার্থক্যও বুঝতে পারবে।

কাব্য জিজ্ঞাসা - অতুলচন্দ্র গুপ্ত : 'ধ্বনি' ও 'রস' প্রবন্ধ

প্রাচীন ভারতীয় সাহিত্য-তত্ত্ব বিষয়ে ছাত্র-ছাত্রীরা বুঝতে পারবে। কাব্য কি, তার স্বরূপ কি, কেন কাব্য
হয়ে ওঠে, 'ধ্বনি ও 'রস' বিষয়ে বিভিন্ন আলংকারিকদের আলোচনা ও তার বিশ্লেষণ ছাত্রছাত্রীদের
সাহায্য করবে অতুলচন্দ্র গুপ্তের 'কাব্য জিজ্ঞাসা' গ্রন্থের পাঠ।

DSE - 1 উনিশশতকের বাংলা গীতিকবিতা, আখ্যানকাব্য ও প্রবন্ধ সম্পর্কে ধারণা লাভে ছাত্র-ছাত্রীদের
সহায়ক হবে।

DSE - 2 উনিশশতকের বাংলা নাটক, উপন্যাস ও ছোটগল্প সম্পর্কে ধারণা লাভে ছাত্র-ছাত্রীদের
সহায়তা করবে।

SEM - VI

CC - 13 সংস্কৃত ও ঠাংবাজি সাহিত্যিক উচ্চতরসা সংস্কৃত সাহিত্যিক উচ্চতর ও ঠাংবাজি সাহিত্যিক উচ্চতরসহ বিষয়ে নির্মাণের লক্ষ্যে এ উচ্চতর সম্পর্কে ব্যক্তিগত রূপে জিজ্ঞাসাবাদীনা সাহিত্যিক উচ্চতরসহ তুলনামূলক আলোচনা সংশ্লিষ্ট চর্চা পাবেন।

CC - 14 সাহিত্যিক রূপ স্বীকৃতি ও সংস্কৃত সাহিত্যিক রূপ স্বীকৃতি এ সম্পর্কে বিভিন্ন ভাষা ভাষায়, বিভিন্ন বস্তু ভাষায়, ব্যাকরণনা এবং সাহিত্যিক বিভিন্ন সংস্কৃত সম্পর্কে ধ্যান ধারণা পাঠ্যসূচীর উপস্থিতি উচ্চতরসহ মনন মেধার উৎসাহে ও সম্প্রসারণে সহায়তা করবে।

DSE - 3 বিশ শতকের বাংলা কথা সাহিত্য : (স্বাধীনতা পূর্ব)
বিশ শতকের বাংলা গল্প ও বাংলা উপন্যাস (স্বাধীনতা পূর্ব) সম্পর্কে ধারণা লাভে ছাত্রছাত্রীদের সহায়তা করবে।

DSE - 4 সাহিত্য বিষয়ক প্রবন্ধ ও লোকসাহিত্য : সাহিত্য বিষয়ক বিভিন্ন প্রবন্ধ রচনা করতে গিয়ে ছাত্র ছাত্রীদের ভাষাবোধ গড়ে উঠবে। বিভিন্ন সুগৃহীত তথা (সাহিত্য বিষয়ক) বিচার বিশ্লেষণের মাধ্যমে ও তাদের যথাযথ প্রয়োগে তারা প্রবন্ধ রচনায় করতে সমর্থ হবে, পরবর্তী ক্ষেত্রে নানা সৃষ্টিধর্মী রচনায় তারা উৎসাহিত হবে।

লোকসংস্কৃতি ও লোক সাহিত্য :

লোক সংস্কৃতি, লোক সাহিত্যের বিভিন্ন দিক সম্পর্কে ধারণা লাভে ছাত্র-ছাত্রীদের সহায়তা করবে এবং ভবিষ্যতে জীবনের নানা ক্ষেত্রে এ সম্পর্কিত ধারণা ও জ্ঞানের ব্যবহারিক প্রয়োগ ঘটাতে পারবে।